

**B.A. 4th Semester (Honours) Examination, 2022 (CBCS)**

**Subject: Bengali**

**Course: SEC-2**

**Time: 2hrs.**

**Full Marks: 40**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে

**১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :**

**২x৫ =১০**

- ক) সফট নিউজ কী?
- খ) হলুদ সাংবাদিকতা কী?
- গ) হার্ড নিউজ কী?
- ঘ) প্রতিবেদন-এর সংজ্ঞা দাও।
- ঙ) সংবাদ ও ফিচারের মধ্যে মূল দুটি পার্থক্য উল্লেখ করো।
- চ) প্রাতিষ্ঠানিক পত্র কী? উদাহরণ দাও।
- ছ) ভাবসম্প্রসারণ কী?
- জ) বাণিজ্যিক পত্রের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

**২। যে-কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও :**

**৫ x২=১০**

- ক) ভাবসম্প্রসারণ ও ভাবের ব্যাখ্যার মধ্যে পার্থক্য উল্লেখ করো।
- খ) উদাহরণসহ ব্যক্তিগত পত্র ও প্রাতিষ্ঠানিক পত্রের পার্থক্য উল্লেখ করো।
- গ) প্রতিবেদনের শ্রেণিবিভাগ করো, এর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
- ঘ) অনুচ্ছেদ ও প্রবন্ধের মধ্যে পার্থক্য উল্লেখ করো।

**৩। যে-কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও :**

**১০ x২=২০**

- ক) “রান্নার LPG গ্যাসের অত্যধিক মূল্যবৃদ্ধিতে মধ্যবিত্ত বাঙালির মাথায় হাত”—উক্ত বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।
- খ) অনুচ্ছেদ রচনা করো (যে-কোনো একটি)
  - i) বাংলা চলচ্চিত্রে সত্যজিৎ রায়।
  - ii) বাংলার লোকউৎসব।
- গ) ভাবসম্প্রসারণ করো (যে-কোনো একটি)
  - i) “দণ্ডিতের সাথে দণ্ডদাতা কাঁদে  
যবে সমান আঘাতে সর্বশ্রেষ্ঠ সে বিচার।”
  - ii) “যারে তুমি নীচে ফেল সে তোমারে বাঁধিবে যে নীচে,  
পশ্চাতে রেখেছো যারে, সে তোমারে পশ্চাতে টানিছে।”

ঘ) ভাবার্থ লেখো (যে কোনো একটি)

i) পরের মুখে শেখা বুলি পাখির মতো কেন বলিস?  
পরের ভঙ্গি নকল করে নটের মতো কেন চলিস?  
তোর নিজস্ব সর্বাঙ্গে তোর দিলেন খাতা আপন হাতে;  
মুছে সেটুকু বাজে হলি, গৌরব কি বাড়ল তাতে?  
আপনারে যে ভেঙেচুরে গড়তে চায় পরের ছাঁচে,  
অলীক ফাঁকি মেকি সে জন, নামটা তার কদিন বাঁচে,  
খাঁটি ধন যা সেথায় পাবি, আর কোথাও পাবি নারে।

ii) জলভরা মেঘখানি বরষার শেষে  
পড়ে আছে গগনের এককোণ ঘেঁষে।  
বর্ষাপূর্ণ সরোবর তারি দশা দেখে  
সারাদিন ঝিকিমিকি হাসে থেকে থেকে।  
কহে, ওটা লক্ষ্মীছাড়া, চালচুলোহীন  
নিজেই নিঃশেষ করি, কোথায় বিলীন।  
আমি দেখো চিরকাল থাকি জলভরা,  
সরোবর সুগম্ভীর নাই নড়াচড়া।  
মেঘ কহে, ওহে বাপু, কোরো না গরব,  
তোমার পূর্ণতা সে যে আমারই গৌরব।